রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ৪, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

(প্রতিষ্ঠান শাখা)

## প্রজ্ঞাপন

তারিখ, ২ জানুয়ারি ২০০৮

নং সকম/প্রতিঃশাখা/স-২/০৬-০৩—সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধিযুক্ত সমাজসেবা অধিদপ্তরাধীন উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তর/স্থাপনার ব্যবহার অযোগ্য/অকেজো মালামাল (আসবাবপত্র, বাইসাইকেল, ইমারত/ঘর বা এর অংশবিশেষ ইত্যাদি) অকেজো ঘোষণা ও প্রকাশ্যে নিলাম ডাকে বিক্রয়ের উদ্দেশ্যে নিম্নোক্তরূপে উপজেলা নিলাম কমিটি গঠন করা হলো।

**উপজেলা নিলাম কমিটি ঃ**

**সভাপতি**

১। উপজেলা নির্বাহী অফিসার।

**সদস্যবৃন্দ**

২। উপজেলা প্রকৌশলী।

৩। উপজেলা শিক্ষা অফিসার।

**সদস্য-সচিব**

৪। উপজেলা সমাজসেবা কর্মকর্তা।



মূল্য ঃ টাকা ২.০০

**কমিটির কার্যপরিধি ঃ**

(ক) সমাজসেবা অধিদপ্তরাধীন উপজেলা পর্যায়ে অবস্থিত দপ্তর/স্থাপনার ব্যবহার অযোগ্য মালামাল (আসবাবপত্র, বাইসাইকেল, ইমারত/ঘর বা এর অংশবিশেষ ইত্যাদি) এর তালিকা প্রণয়নপূর্বক অকেজো (Condemn) ঘোষণাকরণ।

(খ) অকেজো (Condemn) ঘোষিত মালামাল এর মূল্য নির্ধারণ।

(গ) ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত মূল্যমানের অকেজো ঘোষিত মালামাল প্রকাশ্যে নিলাম ডাকে বিক্রয়করণ।

(ঘ) ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকার উর্ধ্বে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত মূল্যমানের অকেজো ঘোষিত মালামাল জেলা কমিটির সভাপতি (জেলা প্রশাসক) এর পূর্বানুমোদন গ্রহণপূর্বক প্রকাশ্যে নিলাম ডাকে বিক্রয়করণ।

(ঙ) ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার উর্ধ্বে মূল্যমানের অকেজো ঘোষিত মালামাল নিলাম ডাকে বিক্রয়ের ব্যবস্থাকরণের জন্য জেলা কার্যালয়ের মাধ্যমে অধিদপ্তরের মহাপরিচালক এর বরাবরে প্রস্তাব প্রেরণ।

(চ) নিলামে বিক্রয়লব্ধ অর্থ সরকারী কোষাগারে (খাত ১-২৯৩১-০০০০-২৬৮১) ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদানপূর্বক মহা-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর-কে অবহিতকরণ।

২। কমিটি প্রয়োজনবোধে সর্বোচ্চ আরো ৩ (তিন) জন কর্মকর্তা-কে কো-অপট করতে পারবে। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

উত্তম কুমার মন্ডল
উপ-সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সমাজসেবা অধিদফতর**

**সমাজসেবা ভবন**

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং সসেঅদ/শা-৩ঃ যানঃ/নথি-৯৩/৫১৬৫/২০০১ তারিখ ঃ ৩০-৭-২০০১ইং / ১৫-৪-১৪০৮বাং

**প্রজ্ঞাপন**

সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং সম(পরি)প-৫/৯৮-১৮৫(২০০), তারিখ ঃ ২৮শে বৈশাখ, ১৪০৬/১১ই মে, ১৯৯৯ এর বিধান মতে সমাজসেবা অধিদফতরাধীন জেলা ও উপজেলা পর্যায়ে অফিসসমূহের অব্যবহৃত বিভিন্ন যন্ত্রপাতিসমূহ অকেজো ঘোষণার নিমিত্তে নিম্নে বর্ণিত সদস্য সমন্বয়ে জেলা ও উপজেলা সমাজসেবা কার্যালয় "কারিগরী কমিটি" গঠন করা হ'ল ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার পদবী/কার্যালয় | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক | আহ্বায়ক |
| ২. | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদফতর | সদস্য |
| ৩. | উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | সদস্য-সচিব |
| ৪. | যে কার্যালয়ের অব্যবহৃত যন্ত্রপাতি অকেজো ঘোষণা করা হবে সে কার্যালয়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা। | সদস্য |

**কারিগরী কমিটির কাজের পরিধি ঃ**

(ক) জেলা সমাজসেবা কার্যালয়সমূহ।

(খ) পৌর সমাজসেবা কার্যক্রম/শহর সমাজসেবা কার্যক্রম।

(গ) হাসপাতাল সমাজসেবা কার্যক্রম/চিকিৎসা সমাজসেবা কার্যক্রম/চিকিৎসা সমাজসেবা কর্মসূচী সম্প্রসারণ।

(ঘ) প্রবেশন অফিস।

(ঙ) আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহ।

(চ) সরকারী শিশুসদন/শিশু পরিবার।

(ছ) ছোটমনি নিবাস ও দিবাকালীন শিশু যত্ন কেন্দ্র।

(জ) পি. এইচ. সেন্টার/অন্ধ ও মূক বধির বিদ্যালয়/সমন্বিত অন্ধ শিক্ষা কার্যক্রম।

(ঝ) সরকারী আশ্রয় কেন্দ্রসমূহ।

(ঞ) আর্থ-সামাজিক কার্যক্রম/কিশোর সংশোধনী প্রতিষ্ঠান/দুঃস্থদের তাঁত প্রশিক্ষণ কেন্দ্র/পঙ্গু ব্যক্তিদের বৃত্তিমূলক প্রশিক্ষণ উপকেন্দ্র/দুঃস্থ শিশুদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র।

(ট) উপজেলা সমাজসেবা কার্যালয়সমূহ।

শর্তাবলী ঃ

১. সংস্থাপন মন্ত্রণালয়ের বর্ণিত প্রজ্ঞাপনের নির্ধারিত ছক অনুযায়ী সমাজসেবা অধিদফতরাধী জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসমূহে অব্যবহৃত টাইপ রাইটার মেশিন, ফটোকপিয়ার মেশিন, ডুপ্লিকেটিং মেশিন ও অন্যান্য যন্ত্রপাতি সরেজমিনে পরিদর্শনপূর্বক অকেজো ঘোষণাকরণ সম্পর্কে মতামত দিবেন এবং বর্তমান বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ মূল্য নির্ধারণ করবেন।

২. উক্ত কারিগরী কমিটির মতামতের ভিত্তিতে অধিদফতর প্রধান কর্তৃক অব্যবহৃত যন্ত্রপাতিগুলো চূড়ান্তভাবে অকেজো ঘোষণা করে বিধি অনুসরণপূর্বক সিদ্ধান্ত প্রদান করবেন।

৩. কারিগরী কমিটির মতামতের ভিত্তিতে অধিদফতর প্রধান কর্তৃক অচল ঘোষিত অফিস মেশিন ও অন্যান্য যন্ত্রপাতি সংশ্লিষ্ট বিধি অনুসরণপূর্বক স্ব স্ব জেলা কার্যালয় উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ স্টেশনারী অফিস, তেজগাঁও, ঢাকা অথবা উক্ত পরিদপ্তরাধীন আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম/খুলনা/বগুড়া কার্যালয়ের সাথে যোগাযোগের মাধ্যমে অকেজো ঘোষিত মেশিনপত্র জমা প্রদানপূর্বক প্রতিস্থাপনের বিষয় ব্যবস্থা গ্রহণ করবেন।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

স্বাক্ষর
মহাপরিচালক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

**(প্রতিষ্ঠান শাখা)**

নং সকম/প্রতিঃশাঃ/স-১৯/৯৯-৭০১, তারিখ, ৩ পৌষ ১৪০৮/২৯ ডিসেম্বর ২০০১ইং

**প্রজ্ঞাপন**

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত সকল সরকারী শিশু সদন/শিশু পরিবার এবং অন্যান্য প্রতিষ্ঠানের অকেজো মালামাল নিলামে বিক্রয় করার নিমিত্তে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে নিলাম কমিটি গঠন করা হলো ঃ

(ক) কমিটি গঠন ঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | .. | সভাপতি |
| (২) | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ | .. | সদস্য |
| (৩) | উপ-পরিচালক, জেলা সমাজ সেবা কার্যালয় | .. | সদস্য |
| (৪) | জেলা মার্কেটিং অফিসার, জেলা বিপণন কর্মকর্তার কার্যালয় | .. | সদস্য |
| (৫) | সরকারী শিশু সদন/শিশু পরিবার/সরকারী আশ্রয় কেন্দ্র ও অন্যান্য প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/উপ-তত্ত্বাবধায়ক/ উপ-সহকারী পরিচালক প্রতিষ্ঠান প্রধান | .. | সদস্য-সচিব |

(খ) কমিটির কর্মপরিধি ঃ

(১) কমিটি সকল সরকারী শিশু সদন/শিশু পরিবার/সরকারী আশ্রয় কেন্দ্র ও অন্যান্য প্রতিষ্ঠানের ব্যবহার অযোগ্য/অকেজো মালামাল, যথা ঃ ইট, কাঠ,মৃত বৃক্ষ, লোহা-লক্কর, হাড়ি-পাতিল, চেয়ার-টেবিল, খাট, আলমারী, পরিত্যক্ত টিনের ঘর, লেপ-তোষক, বালিশ, পানির ট্যাংকী, দরজা-জানালা, ইত্যাদি পরীক্ষান্তে অকেজো ঘোষণাপূর্বক নিলামে বিক্রয়ের জন্য মূল্য নির্ধারণ করবে এবং অকেজো ঘোষিত মালামাল বিধি অনুসারে নিলামে বিক্রয়ের ব্যবস্থা করবে।

(২) কমিটি অকেজো ঘোষিত মালামাল নিলামে বিক্রয়পূর্বক বিক্রয় লব্ধ অর্থ কোড নং ঃ ২৯৩১-০০০০-২৬৮১-তে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদানপূর্বক সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদফতরকে অবহিত করবে।

২। কমিটি প্রয়োজনবোধে যে কোন প্রতিষ্ঠানের কর্মকর্তাকে কো-অপ্ট করতে পারবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত
(মোঃ আজিজুর রহমান)
উপ-সচিব (কার্যক্রম)।